

## যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৫১১

১/ বিবিধ

আরবী

قلوب بني آدم تلين في الشتاء وذلك لأن الله خلق آدم من طين، والطين يلين في  
الشتاء  
موضوع

أخرجه أبو نعيم في " الحلية " ( 5 / 216 ) من طريق عمر بن يحيى: حدثنا شعبة  
الحجاج عن ثور بن يزيد عن خالد بن معدان عن معاذ بن جبل مرفوعا وقال: " تفرد  
برفعه عمر بن يحيى وهو متروك الحديث، والصحيح من قول خالد  
وقال الذهبي في ترجمته: أتى بخبر شبه موضوع "، ثم ساق له هذا الحديث ثم قال: "  
ولا نعلم لشعبة عن ثور رواية  
وقال في " طبقات الحفاظ " : " هذا حديث غير صحيح مركب على شعبة، وعمر بن  
يحيى لا أعرفه، تركه أبو نعيم  
وقال الحافظ ابن حجر: " أظنه عمر بن يحيى بن عمر بن أبي سلمة عن عبد الرحمن  
بن عوف، وقد ضعفه الدارقطني والله أعلم  
كذا في " تنزيه الشريعة المرفوعة عن الأخبار الشنيعة الموضوعة " لابن عراق ( 69 /  
1 ) . قلت: وعمر هذا لعلة الذي سبق في إسناد الحديث الذي قبل هذا بحديث. والله  
أعلم

বাংলা

৫১১ । আদম সম্ভানদের হৃদয়গুলো শীতকালে নরম হয়ে যায়। কারণ আল্লাহ তা'আলা আদমকে মাটি হতে সৃষ্টি করেছেন আর মাটি শীতকালে নরম হয়ে যায়।

হাদীছটি জাল।

এটি আবু নোয়াইম "আল-হিলইয়াহ" (৫/২১৬) গ্রন্থে উমর ইবনু ইয়াহইয়া সূত্রে শুবা হতে তিনি ছাওর ইবনু ইয়াযীদ হতে ... মুয়ায ইবনু জাবাল (রাঃ) হতে বর্ণনা করেছেন। অতঃপর বলেছেনঃ উমার ইবনু ইয়াহইয়া মারফু হিসাবে এককভাবে বর্ণনা করেছেন, তিনি মাতরুকুল হাদীছ। সহীহ হচ্ছে এই যে, এটি খালেদ ইবনু মিদানের কথা। ইমাম যাহাবী তার জীবনীতে বলেছেনঃ তিনি বানোয়াট হাদীছের সাথে সাদৃশ্যপূর্ণ হাদীছ বর্ণনা করেছেন। অতঃপর তার এ হাদীছটি উল্লেখ করে বলেছেনঃ শু'বার ছাওর হতে কোন বর্ণনা সম্পর্কে আমার জানা নেই।

তিনি "তাবাকাতুল হুফফায়" গ্রন্থে বলেনঃ এ হাদীছটি সহীহ নয়। শু'বার সাথে হাদীছটি জড়িয়ে দেয়া হয়েছে। উমারকে আমি চিনি না। তাকে আবু নোয়াইম পরিত্যাগ করেছেন। হাফয ইবনু হাজার বলেনঃ আমার ধারণা উমার ইবনু ইয়াহইয়াকে দারাকুতনী দুর্বল বলেছেন। অনুরূপ কথা ইবনু ইরাকের "তানীহশ শারীয়াতিল মারফুয়াহ আনিল আখবারিশ শানী'য়াতিল মাওয়ূ'আহ" (১/৬৯) গ্রন্থেও এসেছে।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=71390>

🔒 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন